

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪১৭

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৫

দলপতি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন বিভিন্ন এলাকায় ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি

ধলাই জেলার দলপতি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন বিভিন্ন এলাকায় ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি গত ৬ জানুয়ারি থেকে শুরু হয়েছে। এদিন মোহিনী কুমার পাড়ায় মোট ১৬২ জন ও মাঝিমণি পাড়ায় মোট ৫৬ জনকে আরডি কিটের মাধ্যমে রক্ত পরীক্ষা করা হয়। এদের মধ্যে একজনের রক্তে ম্যালেরিয়া জীবানু সনাক্ত করা হয়। স্বাস্থ্যকর্মীরা তাকে বিনামূল্যে ম্যালেরিয়া ওষুধ প্রদান করেন এবং নিয়মিতভাবে নির্দেশিত ওষুধ সম্পূর্ণভাবে খাওয়ার পরামর্শ প্রদান করেন। পাশাপাশি ম্যালেরিয়া রোগ প্রতিরোধে কি কি করণীয় সেই বিষয়ে স্বাস্থ্যকর্মীরা তাদেরকে বিস্তারিতভাবে বুঝিয়ে বলেন। কর্মসূচিগুলিতে উপস্থিত ছিলেন কমিউনিটি হেলথ অফিসার মহম্মদ আহমেদ উদ্দিন, ল্যাব ট্যাকনিশিয়ান সুমনজয় রিয়াং, এমপিডব্লিউ পূর্ণমোহন ত্রিপুরা, এমপিডব্লিউ শ্যামল চন্দ্র সরকার, এমপিডব্লিউ খরেনজয় ত্রিপুরা, এমপিডব্লিউ রিপন শীল, জিডিএ রূপেন ত্রিপুরা, জিডিএ ও আশাকর্মীরা। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
